দৈনিক সংবাদ ২০৫

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

# বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংশোধনের উদ্যোগ প্রতিহত করার আহ্বান

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

৯টি ছাত্র সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল বিশ্ববিদ্যালয়ে ৭৩-এর অধ্যাদেশ কার্যকর করার আহ্বান জানিয়ে বলেছেন, এই অধ্যাদেশ সংশোধনের মাধ্যমে

(৭-এর পাতায় দেখুন)

## বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ

(১ম পাতার পর)

বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন খর্ব করার চেষ্টা ছাত্রসমাজ প্রতিরোধ করবে। বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ সংশোধনের উদ্যোগের প্রতিবাদে পূর্ব ঘোষিত কর্মসূচীর আওতায় ৯টি ছাত্র সংগঠন গতকাল রোববার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া চত্বরে এক ছাত্র সমাবেশের আয়োজন করে।

বাংলাদেশ ছাত্রলীগ (না.শ) বুয়েট শাখার সভাপতি মীর মোয়াজ্জেম হোসেনের সভাপতিত্বে এই ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়।